# বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**এই অংশে পাঠ্য বইয়ের আলোচিত বিষয়সমূহের আলোকে নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর সংযোজিত হয়েছে।**

## ভাষা ও বাংলা ভাষা

### পাঠ্য বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

১. প্রাণিজগতে একমাত্র কাদের ভাষা আছে? **গ**
ক পাখির খ পশুর
গ মানুষের ঘ সবার

২. ভাষা ব্যবহারের জন্য অন্যান্য প্রাণীর তুলনায় মানুষ ব্যতিক্রম কোন দিক থেকে?
i. স্নায়ুতন্ত্র
ii. মস্তিষ্ক
iii. মানুষের অন্যান্য প্রত্যঙ্গ
নিচের কোনটি সঠিক? **ঘ**
ক i খ ii
গ ii ঘ i, ii ও iii

৩. ভাষার মাধ্যমে আমরা কোন ধরনের অনুভূতি প্রকাশ করি?
i. হিংসা-বিদ্বেষ
ii. ভালোলাগা-ভালোবাসা
iii. ঘৃণা, ক্ষোভ
নিচের কোনটি সঠিক? **ঘ**
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

৪. ভাষাকে দেশ গঠনের কী হিসেবে গ্রহণ করা হয়? **খ**
ক মাধ্যম খ হাতিয়ার
গ অজ্ঞা ঘ বাহক

৫. ভাষা কত প্রকার? **খ**
ক ১ খ ২
গ ৩ ঘ ৪

৬. যেসব ভাষা লেখার ব্যবস্থা নেই, সেগুলোকে কী বলে? **ক**
ক মৌখিক ভাষা খ লিখিত ভাষা
গ ইশারা ভাষা ঘ সবকটি

৭. কোন ভাষার সীমাবদ্ধতা আছে? **গ**
ক লিখিত ভাষার খ ইশারা ভাষার
গ মৌখিক ভাষার ঘ সব কটি

৮. ভাষার লিখন ব্যবস্থা কেমন?
i. বর্ণভিত্তিক
ii. অক্ষরভিত্তিক
iii. ভাবাত্মক
নিচের কোনটি সঠিক? **ঘ**
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

৯. কোন ভাষার বর্ণ রয়েছে?
i. ইংরেজি
ii. বাংলা
iii. তামিল
নিচের কোনটি সঠিক? **ঘ**
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

১০. অক্ষর কী? **ঘ**
ক বর্ণ খ ধ্বনি
গ বাক্য ঘ কথার টুকরো অংশ

১১. উচ্চারণের একক কী? **গ**
ক বর্ণ খ ধ্বনি
গ অক্ষর ঘ শব্দ

১২. অক্ষর অনুযায়ী যেসব ভাষা লেখার ব্যবস্থা গড়ে উঠেছে তাকে কোন ধরনের লিখনরীতি বলে? **খ**
ক বর্ণভিত্তিক খ অক্ষরভিত্তিক
গ ভাবাত্মক ঘ ভাষাভিত্তিক

১৩. ভাষার প্রধান উপাদান কয়টি? **ঘ**
ক ১ খ ২
গ ৩ ঘ ৪

১৪. কোনটি ভাষার উপাদান নয়? **গ**
ক বাগধ্বনি খ বাগর্থ
গ আওয়াজ ঘ বাক্য

১৫. পশু-পাখির ডাককে কী বলে? **গ**
ক ধ্বনি খ ভাষা
গ আওয়াজ ঘ সংকেত

১৬. এক বা একাধিক ধ্বনি মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে কী বলে? **খ**
ক আওয়াজ খ শব্দ
গ ধ্বনি ঘ ভাষা

১৭. বাক্য বলতে কী বোঝায়?
i. কথা ii. বাচন
iii. অর্থবোধক শব্দ
নিচের কোনটি সঠিক? **গ**
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

১৮. ভাষার উপাদান হিসেবে ধরলে বাক্যের স্থান কততম? **গ**
ক প্রথম খ দ্বিতীয়
গ তৃতীয় ঘ চতুর্থ

১৯. বাক্যের সঙ্গে কাদের সম্পর্ক রয়েছে?
i. বক্তা ii. শ্রোতা
iii. দর্শক
নিচের কোনটি সঠিক? **গ**
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

২০. ভাষার শব্দ ও বাক্যের অর্থের আলোচনাকে কী বলে? **ঘ**
ক ধ্বনি খ শব্দ
গ বাক্য ঘ বাগর্থ

২১. অঙ্গভঙ্গির মাধ্যমে, ছবি এঁকে, নানাধরনের চিহ্ন ও সংকেত ব্যবহার করে মনের ভাব প্রকাশ করাকে কী ভাষা বলে? **ক**
ক অঙ্গভঙ্গির ভাষা খ ভাব বিনিময়ের ভাষা
গ চোখের ভাষা ঘ বর্ণনার ভাষা

২২. সংকেত ভাষা কীভাবে প্রকাশ করা হয়?
i. আঙুল মুখে ছুঁয়ে ii. হাত মাথায় উঠিয়ে
iii. বুকে হাত দিয়ে
নিচের কোনটি সঠিক? **ঘ**

ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

২৩. সংকেত ভাষার অপর নাম কী? গ
ক চোখের ভাষা খ ভাব বিনিময়ের ভাষা
গ ইশারা ভাষা ঘ বর্ণনার ভাষা

২৪. মাতৃভাষা কী?
i. মায়ের কাছ থেকে শেখা ভাষা
ii. মায়ের মতো যে শিশুকে প্রতিপালন করে তার কাছ থেকে শেখা ভাষা
iii. জন্মের পর থেকে যার সেবা ও যত্নে শিশু ধীরে ধীরে বেড়ে ওঠে তার কাছ থেকে শেখা ভাষা
নিচের কোনটি সঠিক? ঘ
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

২৫. শিশু প্রথম যে ভাষা শেখে তাকে কী বলে?
i. প্রথম ভাষা
ii. মাতৃভাষা
iii. বিদেশি ভাষা
নিচের কোনটি সঠিক? গ
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

২৬. ভৌগোলিক ব্যবধানের কারণে সৃষ্ট ভাষার রূপবৈচিত্র্যকে কী বলা হয়?
i. উপভাষা
ii. প্রমিত ভাষা
iii. কথ্যভাষা
নিচের কোনটি সঠিক? ক
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

২৭. ভৌগোলিক ব্যবধান বা অঞ্চল ভেদে ভাষার যে বৈচিত্র্য, তাকে কী ভাষা বলে? খ
ক কথ্যভাষা খ উপভাষা
গ প্রমিত ভাষা ঘ ব্যক্তি ভাষা

২৮. উপভাষার আরেক নাম কী? ক
ক আঞ্চলিক ভাষা খ কথ্যভাষা
গ ব্যক্তিভাষা ঘ প্রমিত ভাষা

২৯. একটি উপভাষাকে আদর্শ ধরে সবার বোধগম্য ভাষা হিসেবে তৈরি ভাষারূপকে কী বলে? ঘ
ক ব্যক্তিভাষা খ কথাভাষা
গ উপভাষা ঘ প্রমিত ভাষা

৩০. প্রমিত ভাষার অপর নাম কী? গ
ক ব্যক্তিভাষা খ সামাজিক ভাষা
গ উপভাষা ঘ কথ্যভাষা

৩১. বিশেষ পরিবেশ ও প্রয়োজনের বাইরে যখন ভাষা ব্যবহার করা হয়, তাকে কী ভাষা বলে? ঘ
ক প্রমিত ভাষা খ সামাজিক ভাষা
গ উপভাষা ঘ কথ্যভাষা

৩২. ব্যক্তির নিজস্ব পরিচয় যে ভাষারূপের মাধ্যমে প্রকাশ পায়, তাকে কী ভাষা বলে? খ
ক প্রমিত ভাষা খ ব্যক্তিভাষা
গ উপভাষা ঘ কথ্যভাষা

৩৩. সমাজের ভাষা কত প্রকার? খ
ক প্রমিত ভাষা খ সামাজিক ভাষা
গ উপভাষা ঘ কথ্যভাষা

৩৪. সামাজিক ভাষা কত প্রকার? ক
ক ২ প্রকার খ ৩ প্রকার
গ ৪ প্রকার ঘ ৫ প্রকার

৩৫. অভিজাতদের ভাষাকে কী ভাষা বলে? ক
ক উচ্চ শ্রেণির ভাষা খ উচ্চ ভাষা
গ অভিজাত ভাষা ঘ সম্ভ্রান্ত শ্রেণির ভাষা

৩৬. সামাজিক সুযোগ-সুবিধা যারা কম লাভ করেছে, শিক্ষা-দীক্ষার সুযোগ যারা তেমন পায়নি, যারা নিরক্ষর, আর্থিক দিক থেকে তেমন সচ্ছল নয়- তাদের ভাষাকে কী ভাষা বলে? খ
ক নিম্নভাষা খ নিম্নশ্রেণির ভাষা
গ অশিষ্টজনের ভাষা ঘ সাধারণের ভাষা

৩৭. সমাজের কোনো বিশেষ পেশার মানুষের ভাষাবৈচিত্র্যকে কী ভাষা বলে? ঘ
ক প্রমিত ভাষা খ সামাজিক ভাষা
গ উপভাষা ঘ পেশাগত ভাষা

৩৮. মাতৃভাষা ছাড়া যেকোনো ভাষাকে কী ভাষা বলে?
i. দ্বিতীয় ভাষা
ii. তৃতীয় ভাষা
iii. বিদেশী ভাষা
নিচের কোনটি সঠিক? ঘ
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

৩৯. বাংলা লিখিত ভাষা যখন উদ্ভাবিত হয়, তখন উদ্ভাবকরা বাংলা গদ্যের ভাষাকে যে রূপ দিয়েছিলেন তাকে কী বলে? খ
ক লেখার ভাষা খ সাধুভাষা
গ চলিত ভাষা ঘ প্রমিত ভাষা

## [ পরীক্ষায় কমন উপযোগী অতিরিক্ত প্রশ্ন ও উত্তর ]

৪০. ভাষার লিখনব্যবস্থা প্রধানত কত প্রকার? খ
ক দুই প্রকার খ তিন প্রকার
গ চার প্রকার ঘ পাঁচ প্রকার

৪১. তামিল ভাষার লিখনব্যবস্থা কী ভিত্তিক? খ
ক অক্ষরভিত্তিক খ বর্ণভিত্তিক
গ ভাষাত্মক ঘ শব্দভিত্তিক

৪২. মূক বা বধিরদের জন্য কোন ভাষা? ক
ক সংকেত ভাষা খ নাচের ভাষা
গ বাচিক ভাষা ঘ সাধু ভাষা

৪৩. মাতৃভাষা অর্থ কী? গ
ক সবার ভাষা খ দেশের ভাষা
গ মায়ের ভাষা ঘ পরিবারের ভাষা

৪৪. অক্ষরের আরেক নাম কী? খ
ক বর্ণ খ দল
গ গুচ্ছ ঘ গোষ্ঠী

৪৫. নিচের কোন ভাষার লিখন ব্যবস্থা অক্ষরভিত্তিক? ঘ
ক বাংলা খ রবশ
গ হিন্দি ঘ জাপানি

৪৬. যে ভাষা লেখার জন্য বর্ণ বা অক্ষর কোনোটিই নেই তাকে কী বলে? ক
ক ভাবাত্মক লিখনব্যবস্থা খ ইশারা লিখনব্যবস্থা
গ চিত্রাত্মক লিখনব্যবস্থা ঘ চিন্তক লিখনব্যবস্থা

৪৭. ছবি আঁকার মতো করে কোন ভাষা লেখা হয়? খ
ক বর্ণভিত্তিক খ ভাবাত্মক
গ চিত্রাত্মক ঘ অক্ষরভিত্তিক

৪৮. নিচের কোন ভাষাটির লিখনব্যবস্থা ভাবাত্মক? ক
ক চীনা খ বাংলা

ⓖ হিন্দি ⓖ তামিল

৪৯. নিচের কোনটিকে অর্থপূর্ণ হতে হবে? ক
ক ধ্বনি খ বর্ণ
গ অৰর ঘ আওয়াজ

৫০. নতুন অর্থবোধক শব্দ তৈরি হয় কীভাবে? গ
ক এক বর্ণের স্থলে অন্য বর্ণ বদলে দিলে
খ এক অৰরের স্থলে অন্য অৰর বদলে দিলে
গ এক ধ্বনির স্থলের অন্য ধ্বনি বদলে দিলে
ঘ এক পদের স্থলে অন্য পদ বদলে দিলে

৫১. এক বা একাধিক ধ্বনি মিলে কী তৈরি হয়? ঘ
ক বর্ণ খ অৰর
গ ধ্বনি ঘ শব্দ

৫২. কথা বা বচনকে ব্যাকরণের ভাষায় কী বলে? ঘ
ক অৰর খ শব্দ
গ পদ ঘ বাক্য

৫৩. যা উক্তি হিসেবে সম্পূর্ণ এবং যাতে শ্রোতা পরিপূর্ণভাবে তৃপ্ত হয় সেটা কী? ক
ক বাক্য খ অৰর
গ বর্ণ ঘ শব্দ

৫৪. ভাষা আবিষ্কারের পূর্বে মানুষ নিজেকে প্রকাশ করেছে কীভাবে? ক
ক অঙ্গভঙ্গির মাধ্যমে খ লেখার মাধ্যমে
গ গানের মাধ্যমে ঘ নাচের মাধ্যমে

৫৫. বাঙালি মায়ের সন্তান জন্মের পর থেকেই স্প্যানিশ মায়ের পরিচর্যায় বড় হলে কী ভাষা শিখবে? খ
ক বাংলা ভাষা
খ স্প্যানিশ ভাষা
গ দুটির মিশ্রণের এক ভাষা
ঘ কোনো ভাষাই শিখতে পারবে না

৫৬. ভাষিক সম্প্রদায় কাদেরকে বলে? ক
ক একই ভাষা যারা ব্যবহার করে
খ একই দেশে যারা বসবাস করে
গ একই পৃথিবীতে যারা বাস করে
ঘ একই ভাষায় যারা ভাষণ দেয়

৫৭. অঞ্চল ভেদে ভাষায় যে বৈচিত্র্য তাকে কী বলে? ঘ
ক কথ্য ভাষা খ ভৌগোলিক ভাষা
গ অপভাষা ঘ উপভাষা

৫৮. আমাদের প্রত্যেক জেলায় কী হয়েছে? ক
ক নিজস্ব উপভাষা খ নিজস্ব ভাষা
গ নিজস্ব লেখ্য ভাষা ঘ নিজস্ব সরকার

৫৯. উপভাষা কিসের মতো? ক
ক বাবার মতো খ আত্মীয়ের মত
গ মায়ের মতো ঘ ভাইয়ের মত

৬০. কোনটি সিলেটের উপভাষার উদাহরণ? খ
ক অ্যাকজনের দুই ব্যাটা আছিল।
খ অ্যাক মানুশের দুই পোয়া আছিল্।
গ এগুয়া মানশের দুয়া পোয়া আছিল।
ঘ অ্যাকজনের দুই পুৎ আছিল।

৬১. একটি উপভাষাকে আদর্শ ধরে সবার বোধগম্য ভাষা হিসেবে তৈরি ভাষারূপকে কী বলে? ক
ক প্রমিত ভাষা খ সাধু ভাষা
গ চলিত ভাষা ঘ আঞ্চলিক ভাষা

৬২. শিক্ষা, প্রশাসনিক কাজ, ব্যবসা–বাণিজ্য সম্পাদিত হয় কোন ভাষায়? ঘ
ক সাধু ভাষায় খ অঙ্গভঙ্গির ভাষায়
গ উপভাষায় ঘ প্রমিত ভাষায়

৬৩. কোনটির লিখিত ব্যাকরণ থাকে? ক
ক প্রমিত ভাষা খ উপভাষা
গ কথ্য ভাষা ঘ আঞ্চলিক ভাষা

৬৪. কোন ভাষা চর্চা করে শিখতে হয়? গ
ক উপভাষা খ মাতৃভাষা
গ প্রমিত ভাষা ঘ আঞ্চলিক ভাষা

৬৫. পরিবারের সদস্যদের সঙ্গে মানুষ কোন ভাষা ব্যবহার করে? ঘ
ক সাধু ভাষা খ চলিত ভাষা
গ পারিবারিক ভাষা ঘ কথ্য ভাষা

৬৬. ব্যক্তিভাষায় কী প্রকাশ পায়? গ
ক ব্যক্তির শিৰাগত যোগ্যতা
খ ব্যক্তির আর্থিক অবস্থা
গ ব্যক্তির নিজস্ব পরিচয়
ঘ ব্যক্তির পারিবারিক পরিচয়

৬৭. মৌখিক ও লিখিত উভয় ভাষারূপ আছে কোনটির? ক
ক ব্যক্তিভাষার খ পারিবারিক ভাষার
গ সামাজিক ভাষার ঘ উপভাষার

৬৮. নিজস্ব ভাষারূপ তৈরি করেন কারা? গ
ক সাধারণ মানুষেরা
খ মহৎ রাজনীতিবিদরা
গ মহৎ সাহিত্যিকেরা
ঘ মহৎ চরিত্রের অধিকারীরা

৬৯. ভাষাকে নির্ধারণ করে দেয় কে? ক
ক সামাজিক পরিচয় খ অর্থনৈতিক পরিচয়
গ রাজনৈতিক পরিচয় ঘ ধর্মীয় পরিচয়

৭০. সামাজিক পরিচয়ের ভিত্তিতে ভাষা কয় রকম? খ
ক এক রকমের খ দুই রকমের
গ তিন রকমের ঘ চার রকমের

৭১. সমাজের অধিকার সুযোগ–সুবিধা লাভকারীদের ভাষার নাম কী? ঘ
ক বিত্তশালীদের ভাষা খ মধ্য শ্রেণির ভাষা
গ নিম্ন শ্রেণির ভাষা ঘ উচ্চ শ্রেণির ভাষা

৭২. চিকিৎসকদের বিশেষ ভাষা বৈচিত্র্যকে কী নামে নামকরণ করা যায়? ক
ক পেশাগত ভাষা খ ব্যক্তি ভাষা
গ অনির্দিষ্ট ভাষা ঘ সামাজিক ভাষা

৭৩. আমাদের দেশের দ্বিতীয় ভাষা মূলত কোনটি? খ
ক বাংলা খ ইংরেজি
গ হিন্দি ঘ আঞ্চলিক

৭৪. আমরা আরবি, সংস্কৃত বা পালি ভাষা মূলত শিখি কেন? গ
ক সামাজিক কারণে খ নৈতিক কারণে
গ ধর্মীয় কারণে ঘ রাজনৈতিক কারণে

৭৫. মুখের ভাষার ক্ষেত্রে কোন কথাটি প্রযোজ্য? গ
ক আড়ষ্ট খ কৃত্রিম
গ স্বতঃস্ফূর্ত ঘ জটিল

৭৬. সাধু ভাষা সৃষ্টির উদ্যাবকেরা কোন শ্রেণির মানুষের ভাষারীতিতে শ্রদ্ধাশীল ছিলেন না? খ
ক হিন্দি ভাষী মানুষের খ লোকজ মানুষের
গ শহুরে মানুষের ঘ বিদেশি মানুষের

৭৭. সাধু ভাষা কোন ভাষার আদলে তৈরি হয়েছে? খ
ক হিন্দি খ সংস্কৃত
গ ইংরেজি ঘ সংস্কৃত

৭৮. সাধু ভাষাকে প্রাঞ্জল করতে প্রথমে কে কাজ করেন? গ
ক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

ঘ কাজী নজরুল ইসলাম

৭৯. সাধু ভাষার জনক বলা হয় কাকে? ক
ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে
খ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে
গ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে
ঘ রবীন্দ্রনাথ ঠাকুরকে

৮০. সাধুরীতির জন্ম হয়েছে কোন খ্রিষ্টাব্দের দিকে? খ
ক ১৭০০ খ্রিষ্টাব্দ খ ১৮০০ খ্রিষ্টাব্দ
গ ১৯০০ খ্রিষ্টাব্দ ঘ ২০০০ খ্রিষ্টাব্দ

৮১. চলিত ভাষার সৃষ্টি হয় কত সালে? খ
ক ১৯১৩ সালে খ ১৯১৪ সালে
গ ১৯১৮ সালে ঘ ১৯১৯ সালে

৮২. বাংলা প্রবাদ-প্রবচন খুব সহজেই ব্যবহার করা যায় কোন ভাষায়? গ
ক সংস্কৃত খ সাধু
গ চলিত ঘ মিশ্র

## ধ্বনি তত্ত্ব

### পাঠ্য বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

১. ধ্বনির উচ্চারণে মানব শরীরের যেসব প্রত্যঙ্গ জড়িত, সেগুলোকে একত্রে কী বলে? ঘ
ক শ্বাসনালি খ স্বরযন্ত্র
গ গলনালি ঘ বাগযন্ত্র

২. আমাদের শরীরের উপরের প্রত্যঙ্গগুলোর প্রধান কাজ কী?
i. শ্বাসকার্য পরিচালনা করা
ii. খাদ্য গ্রহণ করা
iii. কথা বলা
নিচের কোনটি সঠিক? গ
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

৩. বাগযন্ত্রের সাহায্যে আমরা কী উৎপাদন করি? ক
ক ধ্বনি খ বর্ণ
গ শব্দ ঘ বাক্য

৪. কী নিয়ে বাগযন্ত্র তৈরি?
i. ফুসফুস, শ্বাসনালি, মধ্যচ্ছদা, চিবুক
ii. স্বরতন্ত্র, জিভ, ঠোঁট, নিচের চোয়াল
iii. দাঁত, তালু, গলনালি, মধ্যচ্ছদা, চিবুক
নিচের কোনটি সঠিক? ঘ
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

৫. যে বাগধ্বনি উচ্চারণের সময় ফুসফুস আগত বাতাস মুখের মধ্যে কোনোভাবে বাধাপ্রাপ্ত হয় না, সেগুলোকে কী বলে? ক
ক স্বরধ্বনি খ স্বরবর্ণ
গ ব্যাঞ্জনধ্বনি ঘ ব্যাঞ্জনবর্ণ

৬. কোন স্বরধ্বনি উচ্চারণের সময় বাতাস বাধাহীনভাবে একই সঙ্গে মুখ ও নাক দিয়ে বের হয়? গ
ক অ খ আ
গ ই ঘ উ

৭. স্বরধ্বনির উচ্চারণের বিশেষভাবে গুরুত্বপূর্ণ বিষয় কী? খ
ক দুটি খ তিনটি
গ চারটি ঘ পাঁচটি

৮. স্বরধ্বনির উচ্চারণে বিশেষভাবে গুরুত্বপূর্ণ বিষয় কী?
i. জিভের উচ্চতা
ii. জিভের অবস্থান
iii. ঠোঁটের আকৃতি
নিচের কোনটি সঠিক? ঘ
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

৯. কোমল তালুর অবস্থা অনুযায়ী স্বরধ্বনিগুলোকে কী জাতীয় স্বরধ্বনি হিসেবে উচ্চারণ করতে হয়?
i. মৌখিক স্বরধ্বনি
ii. আনুনাসিক স্বরধ্বনি
iii. সম্মুখ স্বরধ্বনি
নিচের কোনটি সঠিক? গ
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

১০. জিভের সামনের অংশের সাহায্যে উচ্চারিত স্বরধ্বনিগুলোকে কী বলে? ক
ক সম্মুখ স্বরধ্বনি খ মধ্য-স্বধ্বনি
গ পশ্চাৎ স্বরধ্বনি ঘ নিম্ন-স্বরধ্বনি

১১. জিভ স্বাভাবিক অবস্থায় থেকে অর্থাৎ, সামনে কিংবা পেছনে না সরে যেসব স্বরধ্বনি উচ্চারিত হয়, সেগুলোকে কী বলে? খ
ক সম্মুখ স্বধ্বনি খ মধ্য-স্বরধ্বনি
গ পশ্চাৎ স্বরধ্বনি ঘ নিম্ন-স্বরধ্বনি

১২. জিভের পেছনের অংশের সাহায্যে উচ্চারণ করতে হয় যে স্বরধ্বনি, তাকে কী বলে? গ
ক সম্মুখ স্বরধ্বনি খ মধ্য-স্বরধ্বনি
গ পশ্চাৎ স্বরধ্বনি ঘ নিম্ন-স্বরধ্বনি

১৩. জিভ সবচেয়ে উপরে উঠে যে স্বরধ্বনি উচ্চারণ করতে হয়, তাকে কী বলে? গ
ক উচ্চ-মধ্য স্বরধ্বনি খ নিম্ন-স্বরধ্বনি
গ উচ্চ স্বরধ্বনি ঘ নিম্ন-মধ্য স্বরধ্বনি

১৪. জিভ সবচেয়ে নিচে অবস্থান করে যে স্বরধ্বনি উচ্চারণ করতে হয়, তাকে কী বলে? খ
ক উচ্চ-মধ্য স্বরধ্বনি খ নিম্ন-স্বরধ্বনি
গ উচ্চ স্বরধ্বনি ঘ নিম্ন-মধ্য স্বরধ্বনি

১৫. জিভ নিম্ন-স্বরধ্বনির তুলনায় উপরে এবং উচ্চ-স্বরধ্বনির তুলনায় নিচে থেকে যে স্বরধ্বনি উচ্চারণ করতে হয়, তাকে কী বলে? ক
ক উচ্চ-মধ্য স্বরধ্বনি খ নিম্ন-স্বরধ্বনি
গ উচ্চ স্বরধ্বনি ঘ নিম্ন-মধ্য স্বরধ্বনি

১৬. জিভ উচ্চ-মধ্য স্বরধ্বনির তুলনায় নিচে এবং নিম্ন -স্বরধ্বনি থেকে উপরে উঠে যে স্বরধ্বনি উচ্চারণ করতে হয়, তাকে কী বলে? ঘ
ক উচ্চ-মধ্য স্বরধ্বনি খ নিম্ন-স্বরধ্বনি
গ উচ্চ স্বরধ্বনি ঘ নিম্ন-মধ্যস্বরধ্বনি

১৭. ঠোঁটের অবস্থা অনুযায়ী স্বরধ্বনিগুলোর উচ্চারণে কয় ধরনের বৈশিষ্ট্য লক্ষ করা যায়? ক
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

১৮. স্বরধ্বনি তৈরির সময় হাঁ করার উপর নির্ভর করে যে স্বরধ্বনিগুলো গঠিত হয়, সেগুলোকে কী বলে?
i. বিবৃত ii. অর্ধ-বিবৃত
iii. সংবৃত
নিচের কোনটি সঠিক? ঘ
ক i ও ii খ i ও iii

গ ii ও iii  ঘ i, ii ও iii

১৯. যেসব স্বরধ্বনি উচ্চারণের সময় ঠোঁট গোলাকৃত হয়, সেই স্বরধ্বনিগুলোকে কী বলে? ক
ক গোলাকৃত স্বরধ্বনি  খ অগোলাকৃত স্বরধ্বনি
গ সংবৃত স্বরধ্বনি  ঘ বিবৃত স্বরধ্বনি

২০. গোলাকৃত স্বরধ্বনি কোনটি? ক
ক অ  খ আ
গ ই  ঘ এ

২১. যেসব স্বরধ্বনির উচ্চারণে ঠোঁট গোল না হয়ে বিস্তৃত অবস্থায় থাকে সেগুলোকে কী বলে? খ
ক গোলাকৃত স্বরধ্বনি  খ অগোলাকৃত স্বরধ্বনি
গ সংবৃত স্বরধ্বনি  ঘ বিবৃত স্বরধ্বনি

২২. অগোলাকৃত স্বরধ্বনি কোনটি? গ
ক অ  খ আ
গ এ  ঘ ও

২৩. বাংলার সব স্বর কেমন?
i. হ্রস্ব  ii. দীর্ঘ
iii. কোনোটি নয়
নিচের কোনটি সঠিক? ক
ক i  খ ii
গ i ও ii  ঘ i, ii ও iii

২৪. তালুর পেছনের অংশকে কী বলে?
i. শক্ত তালু  ii. কোমল তালু
iii. কোনোটি নয়
নিচের কোনটি সঠিক? খ
ক i  খ ii
গ i ও ii  ঘ i, ii ও iii

২৫. একই সঙ্গে মুখ মুখ ও নাক দিয়ে বের হয়ে যে ধ্বনি উচ্চারিত হয়, তাকে কী বলে? খ
ক উচ্চ-মধ্য স্বরধ্বনি  খ আনুনাসিক স্বরধ্বনি
গ মৌখিক স্বরধ্বনি  ঘ নিম্ন-মধ্য স্বরধ্বনি

২৬. কোন ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময় বাতাস প্রথমে মুখের মধ্যে সম্পূর্ণ বন্ধ হয়, তারপর কেবল নাক দিয়ে বেরিয়ে যায়। খ
ক খ্  খ ল্
গ ট্  ঘ থ্

২৭. ব্যাঞ্জনধ্বনি উচ্চারণে কোন বিষয়ের উপর বিশেষভাবে খেয়াল করতে হবে?
i. উচ্চারণস্থান
ii. উচ্চাররীতি
iii. কোনটি নয়
নিচের কোনটি সঠিক? গ
ক i  খ ii
গ i ও ii  ঘ i, ii ও iii

২৮. উচ্চারণস্থান অনুসারে বাংলা ব্যাঞ্জনধ্বনিগুলোকে কী ধ্বনি হিসেবে দেখানো হয়?
i. দ্বি-ওষ্ঠ্য, দন্ত্য
ii. দন্তমূলীয়, প্রতিবেষ্টিত, তালব্য-দন্তমূলীয়
iii. তালব্য, জিহ্বামূলীয়, কণ্ঠনালীয়
নিচের কোনটি সঠিক? ঘ
ক i  খ ii
গ i ও ii  ঘ i, ii ও iii

২৯. উপরের ও নিচের ঠোঁটের সাহায্যে উচ্চারিত ধ্বনিগুলোকে কী বলে? গ
ক দন্তমূলীয় ধ্বনি  খ দন্ত-ধ্বনি
গ দ্বি-ওষ্ঠ্য ধ্বনি  ঘ তালব্য-দন্তমূলীয় ধ্বনি

৩০. জিভের সামনের অংশ উপরের পাটি দাঁতের নিচের অংশকে স্পর্শ করে কোন ধ্বনি উচ্চারিত হয়? খ
ক দন্তমূলীয় ধ্বনি  খ দন্ত্যধ্বনি
গ দ্বি-ওষ্ঠ্য ধ্বনি  ঘ তালব্য-দন্তমূলীয় ধ্বনি

৩১. জিভের সামনের অংশ ও উপরের পাটি দাঁতের মূল বা নিচের অংশের সাহায্যে কোন ধ্বনি উচ্চারিত হয়? ক
ক দন্তমূলীয় ধ্বনি  খ দন্ত্য ধ্বনি
গ দ্বি-ওষ্ঠ্য ধ্বনি  ঘ তালব্য-দন্তমূলীয় ধ্বনি

৩২. জিভের সামনের অংশ পেছনে কুঞ্চিত বা বাঁকা হয়ে কোন ধ্বনি উৎপাদিত হয়? ক
ক প্রতিবেষ্টিত ধ্বনি  খ দন্ত্য ধ্বনি
গ দ্বি-ওষ্ঠ্য ধ্বনি  ঘ তালব্য-দন্তমূলীয় ধ্বনি

৩৩. জিভের সামনের অংশ উপরে গিয়ে শক্ত তালু স্পর্শ করে কোন ধ্বনি উচ্চারিত হয়? ঘ
ক প্রতিবেষ্টিত ধ্বনি  খ দন্ত্য ধ্বনি
গ দ্বি-ওষ্ঠ্য ধ্বনি  ঘ তালব্য-দন্তমূলীয় ধ্বনি

৩৪. জিভ প্রসারিত হয়ে সামনের অংশ শক্ত তালু স্পর্শ করে কোন ধ্বনি উচ্চারিত হয়? ঘ
ক প্রতিবেষ্টিত ধ্বনি  খ দন্ত্য ধ্বনি
গ দ্বি-ওষ্ঠ্য ধ্বনি  ঘ তালব্য ধ্বনি

৩৫. জিভের পেছনের অংশ উঁচু হয়ে আলজিভের মূলের কাছাকাছি নরম তালু স্পর্শ করে কোন ধ্বনি উচ্চারিত হয়? ক
ক জিহ্বামূলীয় ধ্বনি  খ দন্ত্য ধ্বনি
গ দ্বি-ওষ্ঠ্য ধ্বনি  ঘ তালব্য ধ্বনি

৩৬. কণ্ঠনালির মধ্যে ধ্বনিবাহী বাতাস বাধা পেয়ে উচ্চারিত ধ্বনিগুলো কী? গ
ক জিহ্বামূলীয় দন্ত্য  খ দন্ত্য
গ কণ্ঠনালীয়  ঘ তালব্য

৩৭. জিহ্বামূলীয় ধ্বনি কোনটি? ক
ক খ্  খ ল্
গ ট্  ঘ থ্

৩৮. কণ্ঠনালীয় ধ্বনি কোনটি? গ
ক খ্  খ ল্
গ হ্  ঘ থ্

৩৯. যে বাগযন্ত্র সচল, তাকে কী বলে?
i. সচল বাকপ্রত্যঙ্গ  ii. সক্রিয় উচ্চারক
iii. নিষ্ক্রিয় বাকপ্রত্যঙ্গ
নিচের কোনটি সঠিক? গ
ক i  খ ii
গ i ও ii  ঘ i, ii ও iii

৪০. যে বাকপ্রত্যঙ্গ স্থির, তাকে কী বলে?
i. সক্রিয় বাকপ্রত্যঙ্গ  ii. নিষ্ক্রিয় উচ্চারক
iii. নিষ্ক্রিয় বাকপ্রত্যঙ্গ
নিচের কোনটি সঠিক? গ
ক i  খ ii
গ i ও ii  ঘ i, ii ও iii

৪১. কোনটি সক্রিয় উচ্চারক? ক
ক জিভের ডগা  খ দন্তমূল
গ কোমল তালু  ঘ উপরের ঠোঁট

৪২. কোনটি নিষ্ক্রিয় উচ্চারক? খ
ক জিভের ডগা  খ কোমল তালু
গ কুঞ্চিত জিভের ডগা  ঘ স্বরতন্ত্র

৪৩. উচ্চারণরীতি অনুসারে ব্যাঞ্জনধ্বনিগুলোকে কী হিসেবে বিবেচনা করা হয়?
i. স্পৃষ্ট/স্পর্শ  ii. ঘর্ষণজাত, কম্পিত
iii. তাড়িত, পার্শ্বিক, নৈকট্যমূলক
নিচের কোনটি সঠিক?